

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
সাঁথিয়া, পাবনা।

স্মারক নং- ৩৮.০১.৭৬৭২.০০০.৯৯.০৫৪.২৪.৭৬৪

তারিখ : ২৩/১০/২০২৪খ্রি

“নিলাম বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সাঁথিয়া উপজেলার নিম্নবর্ণিত বনগ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বর্ধিত পুরাতন পরিত্যক্ত মেরামত অযোগ্য কিছু সংখ্যক চেয়ার,টেবিল ও বেঞ্চের ধ্বংসাবশেষ নিম্নোক্তকৃত সময়সূচি অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া, পাবনা মহোদয়ের সম্মেলন কক্ষে উন্মুক্ত নিলাম ডাকে বিক্রয় করা হবে। নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিবর্গ/প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

ক্রঃ নং	বিদ্যালয়ের নাম	জিনিসের বিবরণ	প্রাক্কলিত মূল্য	নিলাম ডাকের নির্ধারিত তারিখ ও সময়	মন্তব্য
১	বনগ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয়	পুরাতন পরিত্যক্ত মেরামত অযোগ্য কিছু সংখ্যক চেয়ার,টেবিল ও বেঞ্চের ধ্বংসাবশেষ	২০,৪৫০.০০	২৯/১০/২০২৪, সকাল ১১.০০ টা	

শর্তাবলী :-

- ১। নিলাম ডাকের পূর্বে অংশগ্রহণকারীগণ বিদ্যালয়ের জিনিসপত্র সরেজমিনে পরিদর্শন করে নিলাম ডাকে অংশগ্রহণ করবেন। পরবর্তীতে এ ব্যাপারে কোন অভিযোগ গৃহীত হবে না।
- ২। প্রাক্কলিত মূল্যের ২০% টাকা জমা দিয়ে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে।
- ৩। সরকারি বিধি মোতাবেক নিলাম ডাকের সমুদয় টাকার ১৫% ভ্যাট ও ৫% আয়কর নির্ধারিত কোডে সরকারি কোবাগারে ট্রেজারী চালানোর মাধ্যমে সোনালী ব্যাংক, সাঁথিয়া শাখায় জমা প্রদানের পর কার্যাদেশ প্রদান করা হবে।
- ৪। কার্যাদেশ প্রদানের ০৭ কর্মদিবসের মধ্যে নিজ খরচে সংশ্লিষ্ট নিলামকৃত জিনিসপত্র অপসারণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে জিনিসপত্র অপসারণের কাজ সম্পন্ন না করলে জামানতের টাকা বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
- ৫। সর্বোচ্চ ডাক দাতার ডাক গ্রহণ করা হবে।
- ৬। কৃতকার্য নিলাম ডাককারীকে ডাকের সমুদয় অর্থ তাৎক্ষণিক কর্তৃপক্ষের নিকট পরিশোধ করতে হবে। অন্যথায় জামানতের টাকা বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
- ৭। সকল ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বঃ

(মো: হেলাল উদ্দিন)

উপজেলা শিক্ষা অফিসার

সাঁথিয়া, পাবনা।

তারিখ : ২৩/১০/২০২৪খ্রি

স্মারক নং- ৩৮.০১.৭৬৭২.০০০.৯৯.০৫৪.২৪.৭৬৪/৬

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া, পাবনা।
- ২। উপজেলা প্রকৌশলী, সাঁথিয়া, পাবনা।
- ৪। প্রশাসক, সাঁথিয়া পৌরসভা, সাঁথিয়া, পাবনা।
- ৫। চেয়ারম্যান,------(সংশ্লিষ্ট ইউনিয়ন)ইউনিয়ন পরিষদ, সাঁথিয়া, পাবনা।
- ৬। সহকারী উপজেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট ক্লাস্টার), সাঁথিয়া, পাবনা।
- ৭। সভাপতি/প্রধান শিক্ষক,----- সরকারি প্রাথমিক বিদ্যালয়, সাঁথিয়া, পাবনা।
- ৮। অফিস কপি।

(মো: হেলাল উদ্দিন)

উপজেলা শিক্ষা অফিসার

সাঁথিয়া, পাবনা।